উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদের আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত (২৭ তম) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ ইমদাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ২৯/০৮/২০২১ খ্রিঃ, সময় : বেলা ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় উপস্থিত ছিলেন।

অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী কর্তৃক উপজেলা পরিষদের সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম পরিচালনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর সভার শুরুতেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থাপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং ১৫ আগষ্ট কালো রাতে বঙ্গবন্ধুসহ বঙ্গবন্ধু পরিবারের সকল শহীদদের প্রতি মাগফিরাত কামনা করেন। শত ব্যস্ততার মাঝেও রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ও উপজেলা পরিষদের উপদেষ্টা জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় সভায় উপস্থিত হওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। সভায় নিম্নরূপভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	বিভাগের নাম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় জানান যে, আগামী ৭, ৮ ও ৯ আগস্ট, ২০২১ তারিখ সপ্তাহ ব্যাপী ইউনিয়ন পর্যায়ে গণটিকা কার্যক্রম সফল ভাবে সম্পূর্ণ হয়েছে। গণটিকা কার্যক্রম আপাতত বন্ধ আছে। তবে রাজবাড়ী সদর হাসপাতালে ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীপুরে করোনার টিকা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। তিনি বলেন যে, আগস্ট/২০২১ মাসে সিনোফার্মের ২৩,১৮১ টি এবং অ্যাস্ট্রোজেনে-কার ১,৭৩২ টি টিকা প্রদান করা হয়েছে। যারা ১ম ডোজ টিকা নিয়েছে তাদেরকে সদর হাসপাতালে এসে ২য় ডোজ টিকা নেয়ার জন্য তিনি অনুরোধ জানান। টিকা গ্রহণের পরে কারও কোন পার্শ্ব প্রতিক্রিয়া দেখা যায়নি। এ বিষয়ে কেউ কোন অভিযোগ করেননি মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় বলেন যে, সামনে ইউপি নির্বাচন। টিকা নেয়ার পরেও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য এবং মাস্ক পরিধানে জনগণকে সচেতনতা বৃদ্ধি করার জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করেন।	১) কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। ২) টিকা নেয়ার পরেও স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য এবং মাস্ক পরিধানে জনগণকে সচেতনতা বৃদ্ধি করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।	১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী। ২) ইউপি চেয়ারম্যান (সকল)

২	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সদর উপজেলায় কৃষি যন্ত্রপাতি সংরক্ষণের জন্য ১২০০ বর্গফুটের ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদকে জমি বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করেন। সকলের সহযোগিতায়পুষ্টি নিরাপত্তা নিশ্চিতে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন সফলভাবে সম্পন্ন হওয়ার তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এ বছর ১০১৪০ হেক্টর জমিতে পাটের আবাদ হয়েছে যা কর্তন প্রায় সম্পন্ন হয়েছে। এছাড়াও তিনি বলেন যে, রাজবাড়ী সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে অপরিকল্পিতভাবে রাস্তা, ঘর-বাড়ি, পুকুর ও অন্যান্য প্রতিষ্ঠান হওয়াতে পানি নিস্কাশনের অভাবে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে যা ফসল উৎপাদনে বিঘ্ন ঘটছে এবং কৃষক অর্থনৈতিভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। জলাবদ্ধতা নিরসনে আশু পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। পানি নিস্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।	জলাবদ্ধতা নিরসনে আশু পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। পানি নিস্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।	১। উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী। ২। সংশ্লিষ্ট বিভাগ
০৩	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর বলেন যে, কোরবানির পশুর হাটে বড় আকারের গরু বিক্রয় হয়নি; তবে মাঝারি এবং ছোট গরু ন্যায্য দামে বিক্রয় হয়েছে। ক্রয় বিক্রয় এর সুবিধার্থে প্রতিটি পশুর হাটে কমপক্ষে ১ (এক) টি করে ডিজিটাল ওজন পরিমাপক যন্ত্র স্থাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এতে লাইভ ওয়েটে গবাদি পশু ক্রয় বিক্রয়ে গতিশীলতা আসবে। এন্টি মাইক্রো বিয়ালরে জিস্টান্স (এএমআর) বিষয়ে সবার দৃষ্টি আকর্ষণ করে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বিস্তারিত আলোচনা করেন। তিনি মানবদেহে এএমআর এর ক্ষতিকর প্রভাব মোকাবেলায় প্রতিটি ইউনিয়নে মডেল পোল্ট্রি খামার স্থাপন করা এবং এই বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি ডেইরী এবং পোল্ট্রি খামারিদের এন্টিবায়োটিক ব্যবহারে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানের পরামর্শ নেয়া বাধ্যতামূলক বলে জানান। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	ডেইরী এবং পোল্ট্রি খামারিদের এন্টিবায়োটিক ব্যবহারে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানের পরামর্শ নেয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজবাড়ী সদর
০৪	উপজেলা মৎস্য বিভাগ	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন যে, করোনার মহামারিতে জনসাধারণের আমিষের চাহিদা পূরণে মৎস্য অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরোও জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ (২৮ আগস্ট হতে ০৩ সেপ্টেম্বর, ২০২১) উপলক্ষে অনুমোদিত কর্মসূচীর আওতায় অদ্য ২৯/০৮/২০২১ খ্রিঃ তারিখে রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী প্রধান অতিথি হিসাবে উপজেলা পরিষদ পুকুরে ৪০ কেজি এবং জেলা প্রশাসকের বাসভবনের পুকুরে ১৫ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করেন। এছাড়াও রাজস্ব বাজেটের আওতায় গত ২৬/০৮/২০২১ তারিখে প্রাতিষ্ঠানিক ও বর্ষাপ্লাবিত জলাশয়ে ৫১৪.৩০ কেজি রুই জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। এ সমস্ত কাযক্রম বাস্তবায়নের জন্য তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-১ ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর ও উপজলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর এবং সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৫	উপজেলা প্রকৌশল বিভাগ	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, খানখানাপুর মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের অনুরোধ জানান। তার বিভাগীয় উন্নয়নমূলক প্রকল্পসমূহের কাজ যথাযথভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর।

০৬	উপজেলা শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় বলেন, করোনা ভাইরাসের সংক্রমন থেকে শিক্ষার্থীদের সুরক্ষার জন্য আগামী ১১/০৯/২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সকল ধরণের সরকারী/ বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ও কিন্ডার গার্টেন শ্রেণীকক্ষে পাঠদান বন্ধ থাকবে, এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রনালয়ের পত্র পাওয়া গেছে। এ বিষয়ে সকল বিদ্যালয়ের শিক্ষকদের অবহিত করা হয়েছে। এছাড়া সকল বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ গুগুল মিটে শিক্ষার্থীদের ক্লাস নিচ্ছেন এবং যারা গুগুল মিটে সংযুক্ত হচ্ছে না তাদের হোম ভিজিট এবং মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করে শিখন ঘাটতি পূরণের জন্য কার্যক্রম চলছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর
০৭	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন যে, প্রান্তিক জনগোষ্ঠীর সনাক্তকরণ জরিপে ১০০৫ জনের পূরণ করা হয়েছে এবং ২৪৫ জনের এন্ট্রি করা হয়েছে। ১৪ জনের মাঝে প্রতিবন্ধীর সূর্বণ নাগরিক কার্ড বিতরণ করা হয়েছে। তিনি আরও বলেন যে, সমাজসেবা অধিদপ্তরাধীন উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, রাজবাড়ী সদর, রাজবাড়ী সামাজিক নিরাপত্তার আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। কিন্তু ২০২০-২১ অর্থ বছরে অল্প সংখ্যক প্রতিবন্ধী ভাতা ছাড়া বয়স্কভাতা ও বিধবা ভাতার কোন বরাদ্দ পাওয়া যায়নি। অথচ গোয়ালন্দ ও পাংশা উপজেলায় উক্ত ভাতা খাতে বরাদ্দ দেয়া হয়েছে। তাছাড়া ২০২১-২২ অর্থ বছরে এখন পর্যন্ত কোন ভাতা খাতে বরাদ্দ পাওয়া যায়নি। তবে জানা যায় বালিয়াকান্দি উপজেলায় বরাদ্দ প্রদান করা হয়েছে। সভাপতি এ বিষয়ে রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করেন এবং বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবরে ডিও লেটার প্রদানের জন্য সবিনয়ে অনুরোধ জানান।	রাজবাড়ী সদর উপজেলার বয়স্কভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবরে ডিও লেটার প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৮	উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী জানান যে, মুজিববর্ষে "বাংলাদেশে একজন মানুষও গৃহহীন থাকবে না" মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে রাজবাড়ী সদর উপজেলার ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৩০০ টি ঘরের মধ্যে ২৫০ টি গৃহ নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৫০ টি ঘরের নির্মাণ কাজ চলমান রয়েছে। টিআর, কাবিখা ও ইজিপিপি'র কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। রাজবাড়ী-১ আসনের মাননীয় জাতীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব কাজী কেরামত আলী মহোদয় বলেন যে, রাজবাড়ী সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে সৌর বিদ্যুৎতের যে সোলার লাইট স্থাপন করা হয়েছিল তা বেশিরভাগই অকেজো ও নষ্ট হয়ে গেছে। যে সকল ইউনিয়নে সোলার লাইট অকেজো ও নষ্ট হয়েছে তার একটি তালিকা আগামী সভায় উপস্থাপনের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করেন।	১) গৃহ নির্মাণের কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত গতিতে সম্পূর্ণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ২) যে সকল ইউনিয়নে সোলার লাইট অকেজো ও নষ্ট হয়েছে তার একটি তালিকা আগামী সভায় উপস্থাপনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।	১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী ২) ইউপি চেয়ারম্যান (সকল)
০৯	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী বলেন, বর্তমানে খাদ্য গুদামে ৩৩৫২ মেঃ টন চাউল ও ২২০ মে: টন গম মজুদ আছে। তিনি সভায় বাজার দর উপস্থাপন করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কার্যক্রম পরিচালনার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী সদর, রাজবাড়ী।